



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ : ১৭.০৩.২০২২

### সংবাদ বিজ্ঞপ্তি

#### পাবিপ্রবিতে জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন

(১৭.০৩.২০২২): হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস আনন্দ উৎসবমুখর পরিবেশে উদযাপন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে জন্মশতবর্ষ স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

আজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) ডিনদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ স্মারক ম্যুরাল জনক জ্যোতির্ময়ে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

এ সময় আরও শ্রদ্ধাজ্ঞাপন করেন প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, শেখ হাসিনা হল, বঙ্গবন্ধু পরিষদ, ব্যবসায় প্রশাসন বিভাগ, আইসিই বিভাগ, পদার্থবিজ্ঞান সমিতি, রসায়ন পরিবার, বাংলা বিভাগ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, লোক প্রশাসন সমিতি, পরিবহন পুল, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর, কর্মকর্তাবৃন্দ, কর্মচারী পরিষদ, রোভার স্কাউটস গ্রুপসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

অনুষ্ঠান শেষে বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়ার আয়োজন করা হয়।

বার্তা প্রেরক

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক, পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন দপ্তর  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।